

# বাংলা ট্রিবিউন

## আনিসুল হক ছিলেন কর্মবীর: বি. চৌধুরী

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০১ ডিসেম্বর ২০১৭, ১৩:৫৬



এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী (ছবি- অনলাইন থেকে নেওয়া)

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বিকল্পধারা বাংলাদেশের সভাপতি এবং সাবেক রাষ্ট্রপতি এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী। তিনি বলেছেন, 'আনিসুল হকের হঠাৎ চলে যাওয়াতে আমি দুঃখিত এবং মর্মান্বিত। আমার সঙ্গে ব্যক্তিগতভাবে তার পরিচয় ছিল। তিনি একজন কর্মবীর মানুষ ছিলেন। অল্প সময়ে অনেক কাজ করতে পারতেন।'

শুক্রবার (১ ডিসেম্বর) গণমাধ্যমে পাঠানো এক শোকবাণীতে তিনি এসব কথা বলেন।

কার্যকর করেছেন।’

শোকবাণীতে আনিসুল হকের রুহের মাগফেরাত কামনা এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন সাবেক এই রাষ্ট্রপতি।

পৃথক এক বাণীতে বিকল্পধারা বাংলাদেশের যুগ্ম-মহাসচিব সাবেক সংসদ সদস্য মাহী বি. চৌধুরী গভীর শোক প্রকাশ করেছেন। শুক্রবার বিদেশ থেকে পাঠানো শোকবাণীতে মাহী বি. চৌধুরী বলেন, ‘আমার সঙ্গে আনিসুল হকের ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। তিনি কাজকে ভালোবাসতেন। অল্পসময়ের মধ্যে তার প্রমাণ রাখতেও সক্ষম হয়েছিলেন। মানুষ হিসেবে তিনি ছিলেন সদালাপী ও বন্ধুবৎসল। আমি তার রুহের মাগফেরাত কামনা করছি।’

/এসটিএস/এমএ/

যোগাযোগ গোপনীয়তার নীতি শর্তাবলী